

## নিউইয়র্কে শামসুর রাহমান স্মরণ সভা

১ অক্টোবর রোববার নিউইয়র্কের এস্টোরিয়ায় আন্তর্জাতিক কবিতা পত্রিকা শব্দগুচ্ছ ও একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি যুক্তরাষ্ট্র শাখার উদ্বোধনে প্রয়াত কবি শামসুর রাহমানের স্মরণে এক বিশেষ সভার আয়োজন করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট লেখক ও কেন্দ্রীয় নির্মূল কমিটির সভাপতি শাহরিয়ার কবির। বিশেষ অতিথি ছিলেন নিউইয়র্ক ইউনিভার্সিটির ইংরেজী বিভাগের অধ্যাপক নিকোলাস ব্রিন্স। অন্যান্যদের মধ্যে আলোচনায় অংশ নেন ভয়েস অব আমেরিকার শামীম চৌধুরী, গল্পকার জ্যোতিপ্রকাশ দত্ত, ড. মহসীন আলী। মার্কিন ও বাঙালী কবি, সাহিত্যিক, শিল্পী ও বুদ্ধিজীবীদের অংশগ্রহণে প্রাণবন্ত এ অনুষ্ঠান শুরু হয় শামসুর রাহমানের (ভিডিওতে ধারণ করা) ২০০০ সালের একটি বক্তব্য ও তাঁর নিজের পড়া কবিতার মধ্য দিয়ে। এরপর উদ্বোধনী বক্তব্য রাখেন শব্দগুচ্ছ সম্পাদক কবি হাসানআল আব্দুল্লাহ। তিনি বলেন, “যতোদিন বাংলাদেশ থাকবে ততোদিন থাকবেন শামসুর রাহমান। তিনি আমাদের ইতিহাসের সাথে সেটে গেছেন।”

শাহরিয়ার কবির শামসুর রাহমানকে রবীন্দ্রনাথের পরে সবচে’ সফল কবি বলে উল্লেখ করে বলেন, “বাংলাভাষার আর কোনো কবি স্বৈরাচারের বিরুদ্ধে মিছিলে এমন বলিষ্ঠ ভূমিকা রাখেনি যেমনটি শামসুর রাহমান করেছেন। তিনি দেশের প্রত্যেকটি আন্দোলনের সাথে যুক্ত থেকে আমাদের মনে শক্তি সঞ্চার করেছেন।” অধ্যাপক নিকলাস ব্রিন্স শামসুর রাহমানকে একজন বড়ো কবি উল্লেখ করে বলেন, “আমি কলেজ জীবনেই তার কবিতার প্রতি আকৃষ্ট হই আসাদের সার্ট পড়ে, যদিও অনুবাদে তাঁর কবিতা এখনো অপ্রতুল।” তিনি বর্তমান সময়ে বাংলা কবিতার অনুবাদ ও মার্কিন কবিদের হাতে তা পৌঁছে দেবার জন্যে শব্দগুচ্ছ ও কবি হাসানআল আব্দুল্লাহকে ধন্যবাদ জানান। ভয়েস অব আমেরিকার বেতার সংবাদিক শামীম চৌধুরী এসেছিলেন ওয়াশিংটন থেকে। তিনি “বর্তমান সময়ের প্রেক্ষিতে শামসুর রাহমান ও তাঁর কবিতা” শীর্ষক বক্তব্যে সময়ের সাথে সাথে রাহমান তাঁর ভাষা চিত্রকল্প সমাজ সংলগ্নতার পরিধি কি ভাবে বিস্তৃত করেছেন তারই একটি চিত্র তুলে ধরেন। জ্যোতিপ্রকাশ দত্ত রাহমানের প্রথম বই, ‘প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে’ প্রকাশের পটভূমি বর্ণনা করেন।

আলোচনা, নিবেদিত কবিতা পাঠ, কবিতা আবৃত্তি, স্লাইড শো, ও সঙ্গীত দিয়ে সাজানো বিকাল পাঁচটা থেকে সন্ধ্যা সাড়ে আটটা পর্যন্ত দীর্ঘ এই অনুষ্ঠানে শামসুর রাহমানকে উৎসর্গ করে কবিতা পড়েন মার্কিন কবি ও ‘পোয়েট টু পোয়েট’ সংগঠনের কর্ণধর রবার্ট ডান, রাশিয়ান-আমেরিকান কবি এলেক্সি ডাইয়ান, বেলাল বেগ, রুকসানা রূপা ও আকা বাবুল। শামসুর রাহমানের কবিতা আবৃত্তি করে শোনান লায়লা হাসান, ফারুক আজম, নাজনীন সীমন ও শ্যামলিপি শ্যামা। সঙ্গীত পরিবেশন করেন আব্দুল কুদ্দুস বয়াতি ও শান্তনীল ধর। শামসুর রাহমানকে নিয়ে সদ্যরচিত কুদ্দুস বয়াতির গানের তালে তালে উপস্থিত শ্রোতা দর্শক হাত তালি দিতে দিতে কবিকে স্মরণ করার মুহূর্তটি ছিলো অনন্য। বাংলাদেশের প্রাকৃতিক দৃশ্য ক্যামেরায় ধারণ করে তারই একটি স্লাইড শো দেখান ক্যামেরা শিল্পী আবুল ফজল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র শাখার সভাপতি সৈয়দ মোহম্মদউল্লাহ। সভা পরিচালনায় ছিলেন নাজনীন সীমন ও হাসানআল আব্দুল্লাহ।

রুকসানা রূপা

সাহিত্য সম্পাদক

ঘাতক দালাল নির্মূল কমিটি, যুক্তরাষ্ট্র শাখা



অনুষ্ঠানে লায়লা হাসান, প্রধান অতিথি শাহরিয়ার কবির ও প্রোফেসর নিকোলাস ব্রিন্স



বা থেকে বার্ণি পরিচালক ড. মহসীন আলী, 'ভয়েস অব আমেরিকা'র শামীম চৌধুরী, কবি নাজনীন সীমন ও শব্দগুচ্ছ সম্পাদক কবি হাসানআল আব্দুল্লাহ সামনে, একক সৌবীর



অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশন করছেন আব্দুল কুদ্দুস বয়্যাতী, তাকে তবলায় সহযোগিতা করছেন শিল্পী আকা বাবুল



দর্শক শ্রোতাদেও এক অংশ